



১২ তারিখ সকাল পর্যন্তও অনিশ্চিত নির্বাচন: রেজাউল করিম



রেজাউল করিম। ছবি: সংগৃহীত

সামরিক বিশ্লেষক ও রাজনৈতিক পর্যবেক্ষক মেজর (অব.) রেজাউল করিম বলেছেন, ১২ তারিখের সকাল না আসা পর্যন্ত নিশ্চিতভাবে বলা যাচ্ছে না নির্বাচন আদৌ হবে কি না। তার মতে, বর্তমান পরিস্থিতিতে কয়েকটি বিষয় ফলাফলে বড় প্রভাব ফেলতে পারে।

তিনি বলেন, কোনো পক্ষ যদি জয়ের বিষয়ে আত্মবিশ্বাসী থাকে, তাহলে তারা নির্বাচনে সক্রিয় থাকবে। কিন্তু জয়ের সম্ভাবনা কম মনে হলে নির্বাচনী প্রক্রিয়া স্থবির হয়ে পড়ার মতো পরিস্থিতিও তৈরি হতে পারে।

রেজাউল করিম জানান, বিভিন্ন আদালতে একাধিক মামলা বিচারাধীন আছে। বিএনপির কয়েকজন প্রার্থীর বিরুদ্ধে দ্বৈত নাগরিকত্বের অভিযোগ রয়েছে, আবার আরও কিছু প্রার্থীর বিরুদ্ধে ঋণখেলাপির অভিযোগ আছে। এসব মামলার রায়ে উল্লেখযোগ্য সংখ্যক প্রার্থীর মনোনয়ন বাতিল হতে পারে।

তার ভাষ্য অনুযায়ী, অতীত সময়ে বিচার বিভাগের ভূমিকা নিয়ে প্রশ্ন ছিল। পাশাপাশি তিনি মনে করেন, জামায়াতে ইসলামী তাদের রাজনৈতিক কৌশল ধাপে ধাপে প্রয়োগ করছে এবং সব পরিকল্পনা একসঙ্গে সামনে আনছে না। বিএনপি এখনো পুরোপুরি অনুমান করতে পারছে না, সামনে আর কী ধরনের পদক্ষেপ আসতে পারে।